

(একই স্মারক ও তারিখে প্রতিস্থাপিত)
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জনপ্রশাসন মন্ত্রণালয়
বিদেশ প্রশিক্ষণ শাখা
www.mopa.gov.bd

নম্বর : ০৫.০০.০০০০.০০০.২০২.২৫.০০০২.২৬.১০০

তারিখ : ০৯ আষাঢ় ১৪৩৩
২৩ জুন ২০২৬

বিজ্ঞপ্তি

বিষয় : ITEC-এর আওতায় ভারতে অনুষ্ঠেয় প্রশিক্ষণ কোর্সে অংশগ্রহণের জন্য আবেদন আহ্বান।


উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, ভারত সরকারের অর্থায়নে Indian Technical and Economic Cooperation (ITEC)-এর আওতায় আগামী ০১/০৯/২০২৬ হতে ৩০/০৬/২০২৭ মেয়াদে International Statistical Education Centre (ISEC), Kolkatta, India-তে অনুষ্ঠেয় Statistical theory and Applications শীর্ষক প্রশিক্ষণ কোর্সে অংশগ্রহণের জন্য মন্ত্রণালয়/বিভাগ ও মাঠ প্রশাসনের কর্মকর্তাগণের নিকট হতে তাঁদের নিয়ন্ত্রণকারী কর্তৃপক্ষের মাধ্যমে আগামী ২০ জুলাই ২০২৬ এর মধ্যে সংযুক্ত তথ্য ফরমে নিম্নোক্ত শর্তাধীনে আবেদন আহ্বান করা যাচ্ছে:

শর্তাবলী :

- প্রার্থীর বয়স ২৫-৪৫ এর মধ্যে হতে হবে;
- প্রার্থীর চাকুরীকাল ৫ বৎসর পূর্ণ হতে হবে;
- কোর্সের সঙ্গে প্রার্থীর কাজের সম্পৃক্ততা থাকতে হবে;
- প্রার্থীকে ইংরেজিতে পারদর্শী হতে হবে;
- যে সকল কর্মকর্তা ইতঃপূর্বে ITEC, Colombo Plan এবং Train the Trainer-এ অংশগ্রহণ করেছেন পুনরায় তাদের এ কোর্সে অংশগ্রহণের সুযোগ নেই;
- জনপ্রশাসন মন্ত্রণালয় হতে মনোনীত কর্মকর্তাগণই কেবল ITEC-এর ওয়েবসাইটে অনলাইনে আবেদন করতে পারবেন; এবং
- আগ্রহী কর্মকর্তাগণকে তাঁদের নিয়ন্ত্রণকারী কর্তৃপক্ষের মাধ্যমে আগামী ২০/০৭/২০২৬ তারিখের মধ্যে সংযুক্ত তথ্য ফরম পূরণপূর্বক আবেদন সিনিয়র সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয় (দৃ.আ. উপসচিব, বিদেশ প্রশিক্ষণ শাখা, ভবন নং-১, কক্ষ নং-১৬২০, ই-মেইল : ft@mopa.gov.bd) বরাবর প্রেরণ করতে হবে। বিলম্বে প্রাপ্ত আবেদন বিবেচনা করার সুযোগ হবে না।

সংযুক্তি :

- ১) তথ্য ফরম
- ২) কোর্স সংশ্লিষ্ট ডকুমেন্ট


২৩/০৬/২০২৬

মু. মাহমুদ উল্লাহ মারুফ
উপসচিব

ফোন: ০২২২৩৩৪৪২৬

ft@mopa.gov.bd

বিতরণ: সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থে

১. মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২. মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, তেজগাঁও, ঢাকা।
৩. সিনিয়র সচিব/সচিব,.....(মন্ত্রণালয়/বিভাগ (সকল))।
৪. বিভাগীয় কমিশনার,..... (সকল)।
৫. জেলা প্রশাসক, (সকল)।
৬. সিনিয়র সিস্টেম এনালিস্ট, পিএসিসি, জনপ্রশাসন মন্ত্রণালয় (ওয়েবসাইটে প্রদর্শনের অনুরোধসহ)।
৭. সহকারী সচিব, সিপিটি অনুবিভাগ, জনপ্রশাসন মন্ত্রণালয় (অতিরিক্ত সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য);
৮. ব্যক্তিগত কর্মকর্তা, যুগ্মসচিব, বিদেশ প্রশিক্ষণ অধিশাখা, জনপ্রশাসন মন্ত্রণালয়, (যুগ্মসচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।